# অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

ঢাকা ক্যাম্পাস : পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫।

**ওয়েবঃ** www.aaub.edu.bd, **ই-মেইলঃ** estb@aaub.edu.bd

বিজ্ঞপ্তি নংঃ এএইউবি/রেজিস্ট্রার-১৫৬/২০২৫/১০ তারিখঃ ২৭ এপ্রিল ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ২০১৯ সনের ০৫ নং আইন দ্বারা প্রতিষ্ঠিত অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ (এএইউবি) এর জন্য নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

**শিক্ষকঃ**

| ক্র: নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা ও ধরণ | বয়সসীমা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | প্রভাষক (অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং) (গ্রেড-৯) ২২,০০০-৫৩,০৬০/- | ০২ (দুই) টি স্থায়ী পদ | শিথিলযোগ্য | ১। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে ইঞ্জিনিয়ারিং (অ্যারোস্পেস/অ্যারোনটিক্যাল/মেকানিক্যাল/মেকাট্রনিক্স/স্পেস সিস্টেম) সংশ্লিষ্ট বিভাগে ০৪ বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২। স্নাতক পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে। |
| ২। | প্রভাষক (অ্যাভিওনিক্স ইঞ্জিনিয়ারিং) (গ্রেড-৯) ২২,০০০-৫৩,০৬০/- | ০৩ (তিন) টি স্থায়ী পদ | শিথিলযোগ্য | ১। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে ইঞ্জিনিয়ারিং (অ্যাভিওনিক্স/ইলেকট্রিক্যাল ইলেকট্রনিক্স অ্যান্ড কম্পিউটার/ ইলেকট্রিক্যাল ইলেকট্রনিক্স / কম্পিউটার সায়েন্স / স্যাটেলাইট কমিউনিকেশন /ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি) সংশ্লিষ্ট বিভাগে ০৪ বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২। স্নাতক পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে। |

**কর্মকর্তা ও কর্মচারীঃ**

| ক্র: নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা ও ধরণ | বয়সসীমা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | সহকারী পরিচালক (গ্রেড-৭) ২৯,০০০-৬৩,৪১০/- | ০১ (এক) টি স্থায়ী পদ | ৩৫ বৎসর | ক। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে ৪ বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য। শিক্ষার কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না;<br>খ। কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে শিক্ষা অথবা প্রশাসন সংক্রান্ত কাজে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডে ৩ বছরের অভিজ্ঞতাসহ মোট ৫ বৎসরের চাকুরির অভিজ্ঞতা।<br>গ। সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) কর্মকর্তাগণ আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। |
| ২। | মেডিক্যাল অফিসার (গ্রেড-৯) ২২,০০০-৫৩,০৬০/- | ০১ (এক) টি স্থায়ী পদ | ৩২ বৎসর | ক। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/মেডিক্যাল হইতে এমবিবিএস ডিগ্রিধারী হইতে হইবে। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য; শিক্ষার কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না;<br>খ। সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) কর্মকর্তাগণ আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। |
| ৩। | ল্যাব টেকনিশিয়ান (গ্রেড-১১) ১২,৫০০-৩০,২৩০/- | ০১ (এক) টি স্থায়ী পদ | ৩২ বৎসর | ক। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/পদার্থবিদ্যা/রসায়নবিদ্যা/সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা। স্নাতকসহ ডিপ্লোমাধারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে;<br>খ। কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য।<br>গ। সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। |
| ৪। | অফিস সহকারী কাম ডাটা প্রসেসর (গ্রেড-১৩) ১১,০০০-২৬,৫৯০/- | ০১ (এক) টি স্থায়ী পদ | ৩২ বৎসর | ক। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে স্নাতক ডিগ্রি।<br>খ। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং<br>গ। টাইপিং এ প্রতি মিনিট বাংলায় ২৫ ইংরেজিতে ৩০ শব্দের গতি এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত স্ট্যান্ডার্ড অ্যাপটিচিউট টেস্টে উত্তীর্ণ এবং অফিস পরিচালনা সংক্রান্ত বিভিন্ন কম্পিউটার ব্যবহারিক প্রোগ্রাম যেমন- এমএস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট ইত্যাদি বিষয়ে দক্ষ হইতে হইবে।<br>ঘ। বাংলা ও ইংরেজি উভয় প্রকার টাইপিং এর ক্ষেত্রে প্রতি ৫ টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হইবে। |

| ক্র: নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা ও ধরণ | বয়সসীমা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| | | | | ঙ। ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করেন নাই বলিয়া গণ্য হইবে;<br>চ। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধুমাত্র ব্যবহারিক এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে; তবে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে নিম্নমান সহকারী/সমমান পদের চাকুরীরত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৫। | ড্রাইভার (ভারী ও মধ্যম) (গ্রেড-১৫) ৯,৭০০-২৩,৪৯০/- | ০১ (এক) টি স্থায়ী পদ | ৩৫ বৎসর | ক। জেএসসি/৮ম শ্রেণি/সমমান পাসসহ বিআরটিএ এর ভারী ও মধ্যম লাইসেন্স ধারী হইতে হইবে;<br>খ। ভারী ও মধ্যম গাড়ি চালনায় ন্যূনতম ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ভারী গাড়ী চালনায় অধিক বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য;<br>গ। মোটর ড্রাইভিং এ সমযোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ সামরিক বাহিনী/বিজিবি/আনসার ও ভিডিপির (অবঃ) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। |
| ৬। | ড্রাইভার (হালকা) (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ০১ (এক) টি স্থায়ী পদ | ৩২ বৎসর | ক। জেএসসি/৮ম শ্রেণি/সমমান পাসসহ বিআরটিএ এর হালকা লাইসেন্স ধারী হইতে হইবে;<br>খ। গাড়ী চালনায় ন্যূনতম ০৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে;<br>গ। মোটর ড্রাইভিং এ সমযোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ সামরিক বাহিনী/বিজিবি/আনসার ও ভিডিপির (অবঃ) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। |
| ৭। | অফিস সহায়ক (গ্রেড-২০) ৮,২৫০-২০,০১০/- | ০১ (এক) টি স্থায়ী পদ | ৩২ বৎসর | ক। এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে এবং বয়সসীমা শিথিলযোগ্য। |

**<u>আবেদনের শর্তাবলী:</u>**

১। আগ্রহী প্রার্থীদের আবেদনপত্র ৩১ মে ২০২৫ তারিখের মধ্যে রেজিস্ট্রার, অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫ ঠিকানায় (সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময়ে) ডাকযোগে/সরাসরি রেজিস্ট্রার অফিসে অথবা estb@aaub.edu.bd ই-মেইল ঠিকানায় পৌঁছাতে হবে। আবেদন ফরমসমূহ অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.aaub.edu.bd বা রেজিস্ট্রার অফিস হতে সংগ্রহ করা যাবে। প্রার্থীর পদের নাম খামের উপর/ই-মেইল ঠিকানায় স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। ডাকযোগে পাঠানো আবেদনপত্রের সাথে প্রার্থীর যোগাযোগের ঠিকানাসহ ১০ টাকার ডাকটিকিট সম্বলিত ফেরত খাম সংযুক্ত করতে হবে;

২। অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ (এএইউবি) এর অনুকূলে যে কোনো তফসিলি ব্যাংক হতে ৯ম গ্রেড বা তদুর্ধ্ব ২০০.০০ (দুইশত) টাকা, ১১তম গ্রেড ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকা, ১৩তম-১৬তম গ্রেড-১০০.০০ (একশত) টাকা ও ২০তম গ্রেড ৫০.০০ (পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমান ও তারিখ উল্লেখ করতে হবে। ই-মেইল ঠিকানায় প্রেরিত আবেদনপত্রের সাথে পে-অর্ডার / ব্যাংক ড্রাফট এর স্ক্যানকপি সংযুক্ত করতে হবে এবং পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূলকপি আবেদনপত্রের মূলকপির সাথে সরাসরি/ডাকযোগে প্রেরণ করতে হবে;

৩। প্রার্থীকে আবেদনপত্রের সাথে সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি, প্রকাশনার অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে), অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সনদের সত্যায়িত অনুলিপি জমাদান করতে হবে। ই-মেইল ঠিকানায় প্রেরিত আবেদনপত্রের সাথে উল্লেখিত সনদসমূহের স্ক্যানকপি সংযুক্ত করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে;

৪। মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি জমাদান করতে হবে।

৫। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়ঃসীমা সর্বোচ্চ সীমার মধ্যে থাকতে হবে;

৬। চাকুরীরত যোগ্য প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনুমোদন গ্রহণ করতঃ নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে;

৭। অত্র বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নের মাধ্যম ইংরেজি বিধায় প্রভাষক ও কর্মকর্তা পদের প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজিতে পারদর্শী হইতে হইবে;

৮। জাতীয় বেতন-স্কেল ২০১৫ অনুযায়ী বেতন-স্কেল উল্লেখ করা হইয়াছে। সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত জাতীয় বেতন-স্কেল বিশ্ববিদ্যালয়ের জন্যও সমভাবে প্রযোজ্য হইবে;

৯। আবেদনকালে প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রিপ্রাপ্ত হইতে হইবে। অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশ অপেক্ষমান থাকাকালীন সময়ে আবেদন গ্রহণযোগ্য হইবে না;

১০। প্রভাষক নিয়োগের ক্ষেত্রে এমফিল বা পিএইচডি ডিগ্রি অতিরিক্ত যোগ্যতা বলিয়া বিবেচিত হইবে। তবে এমফিল বা পিএইচডি ডিগ্রির জন্য উপরে উল্লেখিত যোগ্যতার কোনো শর্ত কোনোভাবে শিথিলযোগ্য হইবে না;

১১। নির্ধারিত তফসিল অনুযায়ী সকল পদের লিখিত, প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত/ব্যবহারিক/মৌখিক/অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ/ভাতা প্রদান করা হইবে না;

১২। সকল প্রকার নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি-বিধান ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক সর্বশেষ জারিকৃত নির্দেশনা অনুসরণ করা হইবে;

১৩। নিয়োগ বিজ্ঞপ্তিটি অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.aaub.edu.bd) পাওয়া যাইবে;

১৪। আবেদন শুরুর তারিখ: ০১/০৫/২০২৫ এবং আবেদন জমাদানের শেষ তারিখ: ৩১/০৫/২০২৫ পর্যন্ত;

১৫। লিখিত, প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.aaub.edu.bd) এর মাধ্যমে জানানো হইবে;

১৬। ১১তম গ্রেড থেকে ২০তম গ্রেডে আবেদনের ক্ষেত্রে এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য;

১৭। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হইবে;

১৮। নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা নীতি ও পদ্ধতি অনুসরণ করা হইবে;

১৯। কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ (প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিবেন;

২০। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার ক্ষমতা সংরক্ষণ করে;

২১। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হইবে; অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভূল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে; আবেদনপত্রের উপর কোনো ধরণের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হইবে; আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করিবার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

**রেজিস্ট্রার**
অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ